

বিশুদ্ধ বিজ্ঞান পদ্ধতিতে কুরআন তা'লীম ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

- ১। নামঃ “বিশুদ্ধ বিজ্ঞান পদ্ধতিতে কুরআন তা'লীম ফাউন্ডেশন”।
- ২। ঠিকানাঃ সততাপাড়া, পাওয়ার হাউজ রোড, হামদহ, বিনাইদহ।।
- ৩। কর্ম এলাকাঃ কর্ম এলাকা হবে সমগ্র বাংলাদেশ।
- ৪। প্রকৃতিঃ বেসরকারী, অরাজনৈতিক, স্বেচ্ছাসেবী দাতব্য, অলাভজনক ও সেবামূলক প্রতিষ্ঠান যার সমুদয় কার্যাবলী সমাজসেবা ও মানব কল্যাণের কাজে পরিচালিত হবে।
- ৫। মৌলিক লক্ষ্য ও উদ্দেশ্য : সকল উদ্দেশ্য বাস্তবায়নের পূর্বে প্রয়োজনে সরকার/যথাযথ কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমতি গ্রহণের পর সকল উদ্দেশ্য বাস্তবায়ন করা হবে।
- ১। “বিশুদ্ধ বিজ্ঞান পদ্ধতিতে” মহাগ্রন্থ আল কুরআন সহিহ ও শুদ্ধভাবে শিক্ষা দান তথা সঠিক জ্ঞানার্জন, চরিত্র গঠন এবং জাতির জন্য সৎ, খোদাভীরু ও যোগ্য নাগরিক সৃষ্টির লক্ষ্যে বহুমুখী শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করবে।
- ২। শিক্ষাব্যবস্থার পুনর্গঠন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রসার এবং নারী শিক্ষা, উপানুষ্ঠানিক শিক্ষা, গণশিক্ষা ও বয়স্ক শিক্ষার ব্যবস্থা গ্রহণের মাধ্যমে অশিক্ষা ও কুশিক্ষার অভিশাপ থেকে দেশকে মুক্ত করবে।
- ৩। সংস্কৃতির লালন ও বিকাশ এবং মানবকল্যাণের পরিপন্থী অপসংস্কৃতি অপসারণের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।
- ৪। ধারাবাহিক গণসংযোগ, আলোচনা সভা, সাধারণ ও বিশেষ সমাবেশ, সেমিনার, সিম্পোজিয়াম, গোলটেবিল বৈঠক এবং বিভিন্ন সময়ে জাতীয় ও আন্তর্জাতিক ইস্যুতে মতবিনিময়ের ব্যবস্থা করবে।
- ৫। শিক্ষা ও উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প চালুসহ দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ এবং তাদের জন্য শিক্ষাবৃত্তির ব্যবস্থা করবে।
- ৬। শিশু, তরুণ ও বয়স্কদের পরিপূর্ণ জীবনব্যবস্থা সম্পর্কে সঠিক ও সম্যক জ্ঞানদানের জন্য মাদরাসা, মসজিদ, স্কুল, কলেজ, ইউনিভার্সিটি, টেকনিক্যাল সেন্টার, বয়স্ক শিক্ষাকেন্দ্র, নৈশ শিক্ষাকেন্দ্র, এতিমখানা, মজুবসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা ও পরিচালনা করবে।
- ৭। নির্ভুল ও সঠিক মূল্যায়নের জন্য ফাউন্ডেশন গবেষণাকেন্দ্র স্থাপন করবে।
- ৮। কৃষ্টি ও ঐতিহ্যের পুনর্গঠন ও সুষ্ঠু বিকাশ সাধনের জন্য কুরআন শিক্ষা বই, কুরআন শরীফ, গবেষণামূলক ও বুদ্ধিবৃত্তিক পুস্তকাদি প্রণয়ন, পত্র-পত্রিকা প্রকাশনা, প্রচার করবে।

- ৯। সাহিত্য, সংস্কৃতি, সুস্থ মননশীল সংগীত, নাটক, শরীর চর্চা, খেলাধুলা।
- ১০। সমাজ উন্নয়ন ও গবেষণামূলক প্রকাশনা করা ও পাঠাগার স্থাপন করা।
- ১১। বেকার যুবকদের কারিগরি প্রশিক্ষণের জন্য উদ্বুদ্ধ করা।
- ১২। পল্লীর অবহেলিত নারী শিশুদের কল্যাণে বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য সহযোগিতা করা।
- ১৩। প্রবীণদের পুনর্বাসনে এবং মানসিক স্বাস্থ্যরক্ষায় সহযোগিতা করা।
- ১৪। পরিবেশ রক্ষায় বনায়ন কর্মসূচী গ্রহণ করা।
- ১৫। ভিক্ষাবৃত্তি গ্রহণে ভিক্ষুকদের নিরুৎসাহিত করা।
- ১৬। বয়স্কদের বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের জন্য বিভিন্ন ধরনের শিক্ষাকেন্দ্র স্থাপন করবে।
- ১৭। শিক্ষক প্রশিক্ষণ, ইমাম প্রশিক্ষণ, মুবাগ্লিগ প্রশিক্ষণে সহযোগিতা প্রদান করা।
- ১৮। শিক্ষা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা এবং অনগ্রসর জাতিকে শিক্ষা কার্যক্রমে উৎসাহিত করা।
- ১৯। ছাত্র-শিক্ষক ও সাধারণ নাগরিকদের জন্য সমৃদ্ধিশালী পাঠাগার বা লাইব্রেরি প্রতিষ্ঠা করবে।
- ২০। অনাথ, এতিম ও নওমুসলিমদের সমাজে প্রতিষ্ঠা এবং তাদেরকে সঠিক জ্ঞানদান ও লালন-পালনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ২১। জনকল্যাণমূলক এবং দাতব্যমূলক হাসপাতাল, ক্লিনিক, দাতব্য চিকিৎসালয়, মাতৃসদন ও ভ্রাম্যমাণ মেডিকেল ক্যাম্প প্রতিষ্ঠা করবে।
- ২২। দুস্থ, অভাবগ্রস্ত, ছিন্নমূল, অক্ষম, বেকার, পঙ্গু ও প্রতিবন্ধী লোকদের পুনর্বাসিত করার জন্য ফাউন্ডেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ২৩। বন্যা, খরা, দুর্ভিক্ষসহ প্রাকৃতিক দুর্যোগকবলিত মানুষের মধ্যে ত্রাণসহ সকল প্রকার প্রকল্প গ্রহণ করবে।
- ২৪। যুব সমাজের নৈতিক অধঃপতন ও অবক্ষয়রোধে মানবিক গুণাবলী বিকাশে সহায়তা করা।
- ২৫। এতিম মেধাবী ও গরিব ছাত্রদের লেখাপড়ার সুযোগ সুবিধাদি দানের জন্য লিল্লাহ তহবিল প্রতিষ্ঠা করবে।
- ২৬। নৈতিক মূল্যবোধের বিকাশ ও আত্মমর্যাদাবোধ জাগ্রত করা।
- ২৭। আপদকালীন ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনা।
- ২৮। দুস্থ ও সমাজে পিছিয়ে পড়া অনগ্রসর আপামর জনসাধারণের জন্য চিকিৎসা সেবা ও পুনর্বাসন কেন্দ্র গড়ে তোলা।